যুগান্তর

তারিখ ... 28 JAN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ......

### তিতুমীর কলেজে ককটেল বিস্ফোরণ

# ছাত্রলীগ ও ছাত্রদলের ধাওয়া-পাল্টাধাওয়া

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর সরকারি তিতুমীর কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে ছাত্রলীগের এক কর্মী সামান্য আহত হয়েছে।

জানা যায়, বুধবার দুপুর ১টার দিকে তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল বের করে। মিছিলটি ১টা ২০ মিনিটের দিকে শেষ হয়। তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি মিরাজুল ইসলাম বলেন, দেড়টার দিকে কলেজ ছাত্রদলের ব্যানারে ৭-৮ জন কলেজ গেট দিয়ে ঢোকার চেষ্টা করে। এ সময় ছাত্রলীগের কর্মীরা তাদের ধাওয়া করে। ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগ কর্মীদের লক্ষ্য করে একটি ককটেল বিস্ফোরণ ঘটায়। এরপর তাদের ধাওয়া করে ওয়্যারলেস গেটের দিকে নিয়ে গেলে সেখানে আরেকটি ককটেল বিস্ফোরণ করে তারা। এতে নুরুল হক নামে ছাত্রলীগের এক কর্মী সামান্য আহত হয়। আহতকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।

কলেজ ছাত্রদলের সিনিয়র সহসভাপতি বেলায়েত হোসেন বলেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে করা রাষ্ট্রদ্রোহ মামলার প্রতিবাদে ছাত্রদল দুপুরে বিক্ষোভ মিছিল নিয়ে কলেজ ক্যাম্পাসে প্রবেশের পরপরই ছাত্রলীগ নেতাকর্মীরা হামলা করে। একপর্যায়ে তাদের লক্ষ্য করে ককটেল বিস্ফোরণ ঘটায় ছাত্রলীগ।

প্রত্যক্ষদর্শীরা জানান, এ ঘটনায় সাধারণ ছাত্রছাত্রী এবং রাস্তায় পথচারীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। উভয়পক্ষের মধ্যে লাঠিসোটা নিয়ে ধাওয়া-পাল্টাধাওয়া এবং ইটপাটকেল নিক্ষেপ শুরু হয়।

বনানী থানার ইন্সপেক্টর (অপারেশন) নাজমুল হক বলেন, ঘটনার পরপরই পুলিশ সেখানে উপস্থিত হয়।